



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

controller@rajshahieducationboard.gov.bd

তারিখ : ২৬ জানুয়ারি ২০২৬

### বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে, যাঁরা [জেএসসি(বৃত্তি)/এসএসসি/এইচএসসি] পরীক্ষক/প্রধান পরীক্ষক আছেন/হবেন তাঁদের পারিশ্রমিক/সম্মানি সঠিক উপায়ে নির্ভুলভাবে প্রাপ্তির নিমিত্ত Online-এ সোনালী ব্যাংকের Online নম্বর (১৩ সংখ্যা বিশিষ্ট) নিয়ে আপডেট করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট শিক্ষকগণ যাঁরা Online-এ পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার [জেএসসি(বৃত্তি)/এসএসসি/এইচএসসি] তথ্য প্রদান করেন নাই বা তথ্য সংশোধন করতে চান তাঁদেরকে অবশ্যই আগামী ২৬/০১/২০২৬ থেকে ১০/০২/২০২৬ তারিখ বিকেল ০৪:০০ টার মধ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের তথ্য সংযোগ-এ তথ্য প্রদান/সংশোধনের অনুরোধ করা হলো। Online কাজের জন্য gmail-এর email address ব্যবহার করতে হবে।

- বিঃদ্র: ১. সংশ্লিষ্ট শিক্ষক শ্রেণিকক্ষে যে বিষয়ে পাঠদান করান তাঁকে সেই বিষয়ে তথ্য প্রদান করতে হবে।
২. সোনালী ব্যাংকের Online ব্যাংক একাউন্ট নম্বর (১৩ ডিজিট) তথ্যে অঙ্গুর্ভুক্ত করতে হবে।  
যাঁদের Online একাউন্ট নম্বর নেই তাঁদের ব্যাংক হতে হিসাব নম্বর আপডেট করতে হবে।
৩. সংযুক্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক তথ্য প্রদান করতে হবে।

২৬/০১/২৬  
প্রফেসর মো. আরিফুল ইসলাম  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
ফোন : ০২৫৮৮৮৫৬২৩১

#### অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে

- প্রতিষ্ঠান প্রধান, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী (ওয়েবসাইট সক্রিয় করার অনুরোধসহ)
- উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(স্ক্রিপ্ট ও গোপনীয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
- অফিস নথি